গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর
সরকারি ও সিনিয়র শাখা
গাইড হাউস (৭ম ও ১০ম তলা) নিউ বেইলি রোড,ঢাকা
www.dme.gov.bd

তারিখ: ১৯ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৪ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫৭.২৫.০০০০.০০৩.৯৯.০০১.২৪.৫৬৪৯

**বিষয়:** দাখিল/আলিম/ফাজিল/কামিল **মাদ্রাসার এডহক/বিশেষ কমিটি গভর্নিং বডির বা ম্যানেজিং কমিটির দায়িত্বপালন বিষয়ে নির্দেশনা সংক্রান্ত।**

সূত্র: ১। টিএমিডির এর স্মারক: ৫৭.০০.০০০০.০৪০.৩৩.০০৩.২২.১২১৩;তারিখ:২০/০৮/২০২৪ খ্রি.
২। ইআবি স্মারক: ইআবি:/রেজি:/প্রশা:/গভ:/২০২০/১২৩১২; তারিখ: ২৩/০৯/২০২৪ খ্রি.।

উপর্যুক্ত বিষয় ও সূত্রের পরিপ্রেক্ষিতে জানানো যাচ্ছে যে, সূত্রোক্ত ১নং স্মারকে বেসরকারি মাদ্রাসার গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটির সভাপতি পদে বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর ধারা ৬ ও ৮ অনুযায়ী জেলা পর্যায়ে জেলা প্রশাসক/জেলা প্রশাসকের মনোনীত প্রতিনিধি, উপজেলা পর্যায়ে উপজেলা নির্বাহী কর্মকর্তা এবং মহানগর। এলাকায় বিভাগীয় কমিশনার/বিভাগীয় কমিশনারের মনোনীত প্রতিনিধিকে সভাপতির দায়িত্ব প্রদান করা হয়। অনুরূপভাবে সূত্রোক্ত ২নং স্মারকে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের অধীনে পরিচালিত ফাজিল/কামিল মাদ্রাসাসমূহের গভর্নিং বডি/এডহক কমিটি বাতিল করে ইসলামি আরবি বিশ্ববিদ্যালয় তৃতীয় সংবিধি-২০২৩(খ) এর ধারা ৫ মোতাবেক এডহক কমিটির সভাপতি হিসাবে জেলা সদরে অবস্থিত মাদ্রাসার ক্ষেত্রে সংশ্লিষ্ট জেলা প্রশাসক ও জেলা সদরের বাইরে অবস্থিত মাদ্রাসার ক্ষেত্রে অতিরিক্ত জেলা প্রশাসক-কে মনোনয়ন প্রদান করা হয়।

২। বাংলাদেশ মাদ্রাসা শিক্ষা বোর্ড, ঢাকা (গভর্নিং বডি ও ম্যানেজিং কমিটি) প্রবিধানমালা, ২০০৯ (২০১২ পর্যন্ত সংশোধিত) এর ধারা ৩৯(২) অনুযায়ী এডহক কমিটি গভর্নিং বডির বা ম্যানেজিং কমিটির সকল ক্ষমতা প্রয়োগ এবং সকল দায়িত্ব পালন করতে পারবে তবে এডহক কমিটির মাধ্যমে নিয়োগ প্রক্রিয়া সম্পন্ন করা যাবে না।

৩। বিদ্যমান পরিস্থিতিতে এডহক/বিশেষ কমিটির মাধ্যমে বেসরকারি মাদ্রাসায় এনটিআরসিএ (NTRCA) এর আওতাভুক্ত ও আওতা বহির্ভূত পদসমূহে নিয়োগ প্রক্রিয়া এডহক/বিশেষ কমিটির মাধ্যমে সম্পন্ন করার জন্য নির্দেশক্রমে অনুরোধ করা হলো। উল্লেখ্য এ আদেশ ২০ আগস্ট ২০২৪ খ্রি. তারিখ হতে কার্যকর হবে।

০৪-১১-২০২৪
ড. শাহনওয়াজ দিলরুবা খান
মহাপরিচালক (অতিরিক্ত সচিব)

সভাপতি/অধ্যক্ষ/সুপার (সকল মাদ্রাসা)।

তারিখ: ১৯ কার্তিক ১৪৩১ বঙ্গাব্দ
০৪ নভেম্বর ২০২৪ খ্রিস্টাব্দ

**স্মারক নম্বর:** ৫৭.২৫.০০০০.০০৩.৯৯.০০১.২৪.৫৬৪৯/১ (১০)

**সদয় জ্ঞাতার্থে/জ্ঞাতার্থে (জ্যেষ্ঠতার ক্রমানুসারে নয়):**

১। অতিরিক্ত সচিব (প্রশাসন ও অর্থ/মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
২। বিভাগীয় কমিশনার (সকল)।
৩। উপসচিব (মাদ্রাসা), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৪। জেলা প্রশাসক (সকল)।
৫। অতিরিক্ত জেলা প্রশাসক (সকল)।
৬। জেলা শিক্ষা অফিসার (সকল)।
৭। সচিবের একান্ত সচিব (সিনিয়র সহকারী সচিব), কারিগরি ও মাদ্রাসা শিক্ষা বিভাগ।
৮। উপজেলা নির্বাহী অফিসার (সকল)।
৯। উপজেলা মাধ্যমিক শিক্ষা অফিসার (সকল)।
১০। মহাপরিচালক মহোদয়ের ব্যক্তিগত সহকারী, মাদ্রাসা শিক্ষা অধিদপ্তর।

০৪-১১-২০২৪
মো: জাকির হোসাইন
উপ-পরিচালক

**সকল সংযুক্তিসমূহ:**
(১) ধারা-০৮
(২) এডহক কমিটি সংক্রান্ত ইসলামি আরবি বিশ্ববিদ্যালয়ের আদেশ
(৩) মাদ্রাসার কমিটির সভাপতি সংক্রান্ত শিক্ষা মন্ত্রনালয়ের সার্কুলার
(৪) ধারা-০৬